

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় পরিচালিত মোবাইল কোর্টে ৬১টি  
পাসপোর্টসহ কানাডা পাঠানোর ভুয়া চুক্তিপত্র ও বিপুল পরিমাণ টাকা গ্রহণের রশিদসহ আটক**

ঢাকা ০৬ মার্চ

ভাটারা-বারিধারায় পাসপোর্ট, বিদেশে চাকুরী দেওয়ার ভুয়া লিফলেট, নিয়োগপত্র ও প্রলোভনের দায়ে একজনকে আড়াই লক্ষ টাকা জরিমানা অনাদায়ে ৬ মাসের জেল দেওয়াসহ মালামাল জব্দ করা হয়েছে।

আজ (৬ মার্চ ২০১৯) দুপুর পৌনে দুইটায় রাজধানীর ভাটারা -বারিধারা এলাকায় র্যাব-৩ এর সহায়তায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ড. মাসুমা পারভীনের নেতৃত্বে একটি মোবাইল কোর্ট পরিচালিত হয়।

বারিধারার উত্তর সোসাইটির এগার নম্বর রোডের ১/১১ নং বাসায় ট্রাস্ট ইমিগ্রেশন অফিসে ড. মাসুমা পারভীনের নেতৃত্বে এক অভিযান চালিয়ে ঐ অফিসের ম্যানেজার সৈয়দ রবিউল করিমকে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ৩২ ও ৩৩ ধারায় যথাক্রমে চাকুরীর প্রলোভন দেখিয়ে ভুয়া বিজ্ঞপ্তি প্রকাশ ও ভুয়া ডিমাল্ড লেটার, ভিসা ক্রয়-বিক্রয় এর নামে অবৈধ অফিস খুলে ব্যবসা করার দায়ে অভিযুক্ত করা হয়েছে। ইউনিকর্ন (আর এল ৩০৩) নামক অনিয়মিত একটা রিক্রুটিং এজেন্সির নামে তারা ভিসা প্রসেসিং করছিল। ৬১টি পাসপোর্টসহ নরসিংদীর শংকর চন্দ্র দাসকে কানাডা পাঠানোর ভুয়া চুক্তিপত্র, জরুরিভিত্তিতে কন্সোল্ডিয়েশন লোক নিয়োগ সংক্রান্ত লিফলেট, বিদেশে চাকুরির দশটি ভুয়া চাহিদাপত্র এবং বিপুল পরিমাণ টাকা পয়সা লেনদেনের ডকুমেন্টসহ আটক করা হয়। ম্যানেজার সৈয়দ রবিউল করিমকে আটক করে কোর্টে চালান দেওয়া হয় ও আড়াই লক্ষ টাকা জরিমানা অনাদায়ে তিন মাস তিন মাস করে ৬ মাসের জেল দেওয়াসহ মালামালগুলি সাক্ষী শাহীনুর রহমান ও এইচ আর ফারুকীর উপস্থিতিতে জব্দ করা হয়েছে।

ম্যানেজারের বাড়ি খুলনার সোনাডাঙ্গায়। তবে অফিস মালিকের কোনো সন্ধান পাওয়া যায়নি।

মোহাম্মদ রাশেদুজ্জামান

জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবাইল-০১৭১২৩৮০৪৩৫